

পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

“বাংলাদেশ বেতারের ময়মনসিংহ ও গোপালগঞ্জ-এ দুটি স্বয়ংসম্পন্ন ১০ কিলোওয়াট
এফ.এম বেতার কেন্দ্র স্থাপন (সংশোধিত)”-শীর্ষক প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact
Evaluation)



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে “ময়মনসিংহ ও গোপালগঞ্জে দু’টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফএম বেতার কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)”-শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (নির্ধারিত বাজেট):

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের বিবরণী

১.১	প্রকল্পের নাম	:	“ময়মনসিংহ ও গোপালগঞ্জে দু’টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফএম বেতার কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)”-শীর্ষক প্রকল্প শীর্ষক সমাপ্ত প্রকল্প		
১.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়		
১.৩	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ বেতার		
১.৪	প্রকল্প এলাকা	:	ময়মনসিংহ ও গোপালগঞ্জ		
১.৫	প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)	:	(লক্ষ টাকায়)		
			মূল	সর্বশেষ সংশোধিত	প্রকৃত ব্যয়
	(ক) মোট	:	৭৬৩০.৫০	১০০০৮.১১	৯৬৬৮.৮৯
	(খ) জিওবি	:	৭৬৩০.৫০	১০০০৮.১১	৯৬৬৮.৮৯
১.৬	বাস্তবায়নকাল	:	মূল		
			সর্বশেষ সংশোধিত	প্রকৃত বাস্তবায়ন মেয়াদ	
			জুলাই ২০১২ হতে জুন ২০১৫	জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০১৮	জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৮

১.৭ প্রকল্পের উদ্দেশ্য:

- ময়মনসিংহ ও গোপালগঞ্জ এলাকায় উচ্চমানসম্পর্ক, কোলাহলমুক্ত (*Noise free*) রেডিও অনুষ্ঠান সম্প্রচার;
- ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জনগণকে জাতিগঠনমূলক কাজে অংশগ্রহণে উদ্বৃক্ষকরণ ও উৎসাহিত করা;
- দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সাংস্কৃতিক গোষ্ঠী ও ও প্রতিষ্ঠানকে সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্যের লালন-পালন করা;
- তৃণমূল পর্যায়ে কৃষক শ্রমিকসহ সকল পর্যায়ের মানুষের মধ্যে সব ধরণের তথ্য, উন্নয়ন বার্তা পোছে দেয়া এবং চিন্তবিনোদন নিশ্চিত করা;
- রেডিওতে মহিলাদের ক্ষমতায়ন, শিশু শিক্ষা এবং অন্যান্য প্রাসঙ্গিক অনুষ্ঠানের মাধ্যমে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও SDG এর লক্ষ্যমাত্রা অর্জন; এবং
- স্থানীয় সম্প্রদায়ের উন্নয়নের জন্য কমিউনিটিভিতিক অনুষ্ঠান প্রচার।

১.৮ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন;
- ভোত অবকাঠামো নির্মাণ;
- চারটি FM HD ট্রান্সমিটারসহ অন্যান্য সম্প্রচার যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন;
- Studio Equipment সংগ্রহ ও স্থাপন;
- Central Air Conditioning System সংগ্রহ ও স্থাপন;
- জেনারেটর সংগ্রহ ও স্থাপন;
- Substation সংগ্রহ ও স্থাপন;

১.৯. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি: আর্থিক অগ্রগতি: ৯৬৬৮.৮৯ (৯৬.৬১%)।

২. পরামর্শক প্রতিষ্ঠানের TOR:

- ২.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;
- ২.২ প্রকল্পের অর্থবহুভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবহুভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সমিবেশন, বিশ্লেষণ, সুরূৱা/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ২.৩ ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে output, Outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ পর্যবেক্ষণ;
- ২.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.৫ প্রকল্পের আওতায় সৃষ্টি সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা/পর্যবেক্ষণ;
- ২.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ ToR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.৭ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;
- ২.৮ প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.৯ প্রকল্পের সমাপ্তির পর সৃষ্টি সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ২.১০ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্টি সুবিধাদি, সৃষ্টি সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্টি সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis;
- ২.১১ উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- ২.১২ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সমিবেশ করে বাংলা ও ইংরেজি ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষাত্ত্বে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- ২.১৩ কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, ও পর্যবেক্ষণ।

৭

৩. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা: “ময়মনসিংহ ও গোপালগঞ্জে দু’টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফএম বেতার কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত)”

ক্র.	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> গবেষণা/প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিনি) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিমলিডার	<ul style="list-style-type: none"> ইলেক্ট্রিক/ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) অনুরূপ বিষয়ে ন্যূনতম মাতকোত্তর ডিপ্রি প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে মাতকোত্তর ডিপ্রি অথবা যে কোন সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিপ্রি অথবা উচ্চতর ডিপ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে। 	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা; বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়ন/পরিবীক্ষণে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা; গবেষণা, নমুনায়ন, প্রশ্নপত্র প্রণয়ন, বিভিন্ন ধরণের পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান; ন্যূনতম ১(এক)টি প্রত্বাব মূল্যায়ন কাজের অভিজ্ঞতা; উপস্থাপনা দক্ষতা (Presentation Skill); এবং অন্য কোন সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
	খ) সিভিল ইঞ্জিনিয়ার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/মাতকোত্তর	<ul style="list-style-type: none"> পূর্ত নির্মাণ/ভবন নির্মাণ কাজে ৭ বছরের অভিজ্ঞতা; বিভিন্ন নির্মাণ উপকরণ পরীক্ষা করে তদবিষয়ে মতামত প্রদানের অভিজ্ঞতা; পারিলিক প্রকিউরমেন্ট এ্যাস্ট (পিপিএ) ও পারিলিক প্রকিউরমেন্ট বুলস (পিপিআর-২০০৮) সম্পর্কে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা।
	গ) প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ	ন্যূনতম মাতকোত্তর ডিপ্রি। পারিলিক প্রকিউরমেন্ট বিষয়ে সাটিফিকেট ডিপ্রিধারী।	<ul style="list-style-type: none"> পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার প্রাপ্ত; পারিলিক প্রকিউরমেন্ট এ্যাস্ট (পিপিএ) ও পারিলিক প্রকিউরমেন্ট বুলস (পিপিআর) —এর বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইডলাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;

৪. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নের্বর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র:	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২২ (টেকনিক্যাল ৯ + স্টিয়ারিং ১৩) কপি
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	২২ (টেকনিক্যাল ৯ + স্টিয়ারিং ১৩) কপি
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	১০০ কপি (জাতীয় কর্মশালা)
৪.	চূড়ান্ত খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৯ (টেকনিক্যাল ৯) কপি
৫.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ (বাংলা ৪০+ইংরেজি ২০) কপি

- সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেট্টর-৫, আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

৫. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:(যদি থাকে)

- (ক) প্রকল্প দলিল;
(খ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রদত্ত প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন।

২৬/০৭/২০২৬

মোঃ মুশ্টার বহুমান খান মিথুন
সহকারী পরিচালক
আইএমইডি, পরিবেশনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার